

## বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন পরিবহন ভবন ২১ রাজউক এভিনিউ, ঢাকা- ১০০০





বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) নিজস্ব ব্যবস্থাপনায় যানবাহনের ভারী মেরামত কাজের জন্য বিআরটিসিতে ২টি কারখানা রয়েছেঃ

## ☐ সমন্বিত কেন্দ্রীয় মেরামত কারখানা (ICWS) গাজীপুরঃ

গাজীপুরস্থ সমন্বিত কেন্দ্রীয় মেরামত কারখানাটি ১৯৮১ সনে ১৪ একর জায়গার ওপর জাপানী কারিগরি ও আর্থিক অনুদানের ভিত্তিতে নির্মিত হয়। উক্ত ওয়ার্কশপে গাড়ী সংযোজন, বিড নির্মাণ ও গাড়ী মেরামত করা হয়ে থাকে। পূর্বে ওয়ার্কশপটি কেবলমাত্র বিআরটিসি'র গাড়ী মেরামতে ব্যবহৃত হতো। পরবর্তীতে সরকারী/বেসরকারী ও ব্যক্তি মালিকানাধীন গাড়ীর মেরামতসহ ভলভো দ্বিতল বাস এর বিড সংযোজন এর কাজ করা হয়েছে। এ মেরামত কারখানায় বিআরটিসির ডিপোর ভারী মেরামতাধীন গাড়ী মেরামত করে থাকতেন।

গত ২০১২ সাল হতে দীর্ঘদিন যাবত সমন্বিত কেন্দ্রীয় মেরামত কারখানা, গাজীপুর এর মেরামত কার্যক্রম বন্ধ রয়েছে। বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম (অতিরিক্ত সচিব) বর্ণিত মেরামত কারখানার ভারী মেরামত কার্ক্রম চালু করার জন্য কঠোর নির্দেশনা প্রদান করেন। উক্ত নির্দেশনার আলোকে বিভিন্ন ডিপো হতে সমন্বিত কেন্দ্রীয় মেরামত কারখানায় দক্ষ কারিগর বদলী করা হয়। ভারী মেরামত কাজ জরুরী ভিত্তিতে চালু করার লক্ষ্যে প্রয়োজনীয় যন্ত্রাংশ ক্রয়সহ অন্যান্য আনুষাজ্ঞাক কাজ সম্পন্ন করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করা হয়েছে। দীঘদিন বন্ধ থাকা কারখানাটি গত জুন ২০২১ হতে পুনরায় চালু করে ভারী মেরামত কাজ সম্পন্ন করা হচ্ছে।

## 🔲 কেন্দ্রীয় মেরামত কারখানা (CWS)তেজগাঁওঃ

তেজগাঁওস্থ কেন্দ্রীয় মেরামত কারাখানায় প্রধানত হালকা গাড়ী যেমন কার, জীপ, মাইক্রোবাস এবং অল্প সংখ্যক বাস, ট্রাক ইত্যাদি মানসম্মত মেরামত কাজ করা হয়ে থাকে। মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর অফিসের গাড়ীসহ বিভিন্ন সরকারী, আধা সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান ও অন্যান্য প্রতিষ্ঠানসহ বিআরটিসি অবাণিজ্যিক বিভিন্ন মডেলের গাড়িসমূহ মেরামত করা হচ্ছে। সরকারী গেজেট মোতাবেক ওয়ার্কশপকে সরকারী, আধা সরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের গাড়ী মেরামতের জন্য কোন টেন্ডারের প্রয়োজন হয় না বিধায় ক্যাপাসিটি অনুযায়ী গাড়ী পাওয়ায় সুনামের সাথে ওয়ার্কশপটির প্রনিষ্ঠা ব্যবহার নিশ্চিত করা হয়েছে।